দৈনিক
ইনকিলাব

তারিখ ... 01 DEC 2002
পৃষ্ঠা ৮ ... কলাম ১




ইনকিলাব ঃ ছাত্রী লাঞ্ছনার ঘটনায় অভিযুক্ত ঢাকা বিশ্ববিদ্যায়ের শিক্ষক মেসবাহ কামালের অপসারণের দাবীতে গতকাল ক্যাম্পাসে নির্যাতন বিরোধী ছাত্র-ছাত্রীবৃন্দের মানববন্ধন

# ঢাবিতে ছাত্রী নাজেহালের ঘটনায় মেসবাহ কামালকে অবাঞ্ছিত ঘোষণা ও গণথুথু নিক্ষেপ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্রী নাজেহালের ঘটনায় অভিযুক্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাম সমর্থিত শিক্ষক মেসবাহ কামালের বিরুদ্ধে ছাত্র বিক্ষোভ অব্যাহত রয়েছে। নির্যাতনবিরোধী ছাত্র-

৭-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## গণথুথু নিক্ষেপ

৮-এর পৃষ্ঠার পর

ছাত্রীবৃন্দের ব্যানারে সাধারণ ছাত্র-ছাত্রীরা গতকাল (শনিবার) ক্যাম্পাসে মানববন্ধন শেষে এক সমাবেশ থেকে মেসবাহ কামালকে ক্যাম্পাসে অবাঞ্ছিত এবং তাকে যেখানেই দেখা যাবে সেখানেই প্রতিরোধ করার ঘোষণা দেয়। বিক্ষুব্ধ ছাত্ররা মেসবাহ কামালের প্রতিকৃতিতে গণথুথু নিক্ষেপসহ তার কুশপুত্তলিকায় অগ্নিসংযোগ করে। এদিকে মেসবাহ কামাল এবং সংশ্লিষ্ট ছাত্রী আরিফাতুল কিবরিয়া মুন্নী গতকাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তথ্যানুসন্ধান কমিটির মুখোমুখি হন। কমিটির নিকট লিখিত বক্তব্যে মেসবাহ কামাল ছাত্রীকে চড় মারার কথা স্বীকার করে বলেন, শামসুন্নাহার হলের আন্দোলনে যুক্ত থাকার কারণে তার বিরুদ্ধে একটি মহল ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। তথ্যানুসন্ধান কমিটি দু'এক দিনের মধ্যে রিপোর্ট পেশ করতে পারে বলে জানা গেছে।

ইতিহাস বিভাগের শিক্ষক মেসবাহ কামালের অপসারণ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে নির্যাতনবিরোধী ছাত্র-ছাত্রীবৃন্দের ব্যানারে দু'শতাধিক ছাত্রের মিছিল গতকাল বেলা সাড়ে ১১টায় ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে কলাভবনের সামনে মানববন্ধন করে। মানববন্ধন শেষে অপরাজেয় বাংলার পাদদেশে নির্যাতনবিরোধী ছাত্র-ছাত্রীবৃন্দের আহবায়ক আল-আমীন ছিদ্দিকী আকাশের সভাপতিত্বে এবং সদস্য সচিব আবু তৈয়ব হাবিলদারের পরিচালনায় সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে আরো বক্তব্য রাখেন রফিকুল ইসলাম শান্ত, সাখাওয়াত হোসেন চয়ন, সাইফুল্লাহ হেলাল, মেছবাহ, ডলার ও শরিফুল ইসলাম প্রমুখ। বক্তাগণ মেসবাহ কামালকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করে বলেন, বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা রক্ষা এবং ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার স্বার্থে ২৮ হাজার ছাত্র-ছাত্রীর দাবী হচ্ছে মেসবাহ কামালকে বহিষ্কার করতে হবে। অন্যথায় নির্যাতিত ছাত্র-ছাত্রীরা কঠোর আন্দোলন গড়ে তুলবে।